

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ/০২ মার্চ ২০১৬ প্রিস্টার্ড

এস, আর, ও নং-৫৩-আইন/২০১৬ |—Explosives Act, 1884 (IV of 1884) এর section 5 এ  
প্রদত্ত ক্ষমতাবলে সরকার, সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) বিধিমালা, ২০০৫ এর নিম্নরূপ অধিকতর  
সংশোধনের প্রস্তাব করিয়া উক্ত Act এর বিধান মোতাবেক এতদ্বারা উহা প্রাক-প্রকাশ  
করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৮০ এর উপ-বিধি (৩) এর পর নিম্নরূপ উপ-বিধি (৪) সংযোজিত  
হইবে, যথা :—

”(৪) সিএনজি স্টেশন এর যন্ত্রপাতি ও সরঞ্জামাদি পর্যবেক্ষণ, পরীক্ষণ ও নিরাপত্তা বিষয়ক  
বাষিক জরিপের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা ফি প্রদান করিয়া আবেদন করিতে  
হইবে।”।

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও কোন আপত্তি বা পরামর্শ থাকিলে সংশ্লিষ্ট  
ব্যক্তিকে উহা, এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে,  
নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে এবং উক্ত সময়ের মধ্যে সংশোধনী  
প্রস্তাব সম্পর্কে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে এই বিভাগ উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত  
সংশোধনী চূড়ান্ত করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আহসানুল জব্বার  
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(১৯৫১)

মূল্য : টাকা ৪.০০